
প্রয়োজনে যোগাযোগ:
জেনারেল ম্যানেজার (উপপরিচালক):
মোবাইল: ০১৭০৮৪১৫২৩৩
সহকারী জেনারেল ম্যানেজার (সহকারী পরিচালক)
মোবাইল:
ডাকযোগ:
গ্রাম: ঢাকারগাঁও ডাকঘর: হাসানপুর, উপজেলা: দাউদকান্দি, জেলা: কুমিল্লা। (হাসানপুর সরকারী কলেজের বিপরীত পার্শ্বে )
অনলাইনে যোগাযোগ:
Website: vtcodbg.daudkandi.comilla.gov.bd
Email:dd.vtcodbg.daudkandi.comilla@dss.gov.bd









## ভৌত অবকাঠামো:

অত্র প্রতিষ্ঠানে দুইতলা বিশিষ্ট প্রশাসনিক ভবন রয়েছে যার নীচতলায় প্রশাসনিক কার্যক্রম সম্পাদিত হয় এবং ২য় তলায় মিটিং এবং চিত্তবিনোদনের জন্য একটি বৃহৎ কনফারেন্স কক্ষ রয়েছে। এছাড়াও দুইতলা বিশিষ্ট ১টি একাডেমিক ভবন তিনতলা বিশিষ্ট একটি ছাত্রী হোস্টেল ও একটি ছাত্র হোস্টেল, এক তলা বিশিষ্ট একটি চিকিৎসা কেন্দ্র ভবন এবং খেলাধূলার জন্য একটি বৃহৎ মাঠ রয়েছে।

প্রশিক্ষণার্থী আসনসংখ্য:
মোট আসন: ১০০, ছেলে: ৬০, মেয়ে: ৪০
প্রতিষ্ঠানের জমির পরিমাণ: ২.২২ একর।
আবাসিক প্রশিক্ষণার্থীদের সুযোগসুবিধা:

১. প্রশিক্ষণের মেয়াদকাল পর্যন্ত বিনামূল্যে হোস্টেলে থাকা-খাওয়ার ব্যবস্থা।
২. বিনামূল্যে প্রশিক্ষণার্থীদের চিকিৎসার ব্যবস্থা।
৩. খেলাধুলা ও চিত্তবিনোদনের ব্যবস্থা।
৫. পাঠাগারে বইপত্র পড়ার সুযোগ সুবিধা।
৬. প্রশিক্ষণার্থীদের প্রতিষ্ঠানে অবস্থানের মেয়াদ কোর্স প্রতি ৬ মাস (প্রয়োজনে কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি অনুমোদন ক্রমে একই কোর্সে ৬ মাস সময় বৃদ্ধি করা যাবে।
৭. প্রযোজ্য উৎসব সমূহে নতুন পোষাক প্রদান।
৮. দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা মান সম্মত প্রশিক্ষণ প্রদান

এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
Vocational Training Centre for Orphans & Disabled Boys & Girls
vtcodbg.daudkandi.comilla.gov.bd

# এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

## Vocational Training Centre for Orphans & Disabled Boys & Girls

দাউদকান্দি, কুমিল্লা
Daudkandi, Cumilla





## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
vtcodbg.daudkandi.comilla.gov.bd

# পরিচিতি

দেশের প্রতিটি নাগরিকের রয়েছে পূর্ণ মানবিক মর্যাদায় বেঁচে থাকার ও বেড়ে ওঠার অধিকার। তাই জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে প্রত্যেককে শিক্ষা প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদে উন্নীত করে দেশের উপযুক্ত ও উৎপাদনশীল নাগরিক হিসেবে গড়ে তোলা পরিবার, সমাজ ও রাষ্ট্রের পবিত্র দায়িত্ব। একটি কল্যাণধর্মী ও উন্নয়নশীল রাষ্ট্র হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানেও অনুরূপ অঙ্গীকার রয়েছে। এতিম কিংবা প্রতিবন্ধী জনগোষ্ঠী সমাজের করুনার পাত্র বা বোঝা নয়। উপযুক্ত প্রশিক্ষণ পেলে এই মানুষগুলোও স্বাবলম্বী হওয়ার পাশাপাশি জাতীয় অর্থনৈতিক কর্মকান্ডে অবদান রাখতে পারে। এ লক্ষ্যকে সামনে রেখে সমাজসেবা অধিদফতর সারাদেশে এতিম ও প্রতিবন্ধীদের জন্য যুগোপযোগী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের পরিকল্পনা হাতে নিয়েছে। এরই ধারাবাহিকতায় এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের আধুনিক কারিগরি প্রশিক্ষণ প্রদান করে চাকরী ও স্বকর্মসংস্থানের মাধ্যমে সমাজে পূনর্বাসন করার লক্ষ্যে দেশের ৬ (ছয়) বিভাগে ৬টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। তন্মধ্যে এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দাউদকান্দি, কুমিল্লা একটি। এসব প্রশিক্ষণ কেন্দ্রে ২০১৩-২০১৪ অর্থবছর হতে ১৫ থেকে ২৫ বছর বয়সী এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েরা সময় উপযোগী বিভিন্ন ট্রেডে কারিগরি প্রশিক্ষণ গ্রহণ করে কর্মসংস্থান ও পুনর্বাসনের সুযোগ লাভ করছে। ফলে তারা সমাজ ও পরিবারের বোঝা ও করুনার পাত্র না হয়ে নিজেরাই স্বাবলম্বী হচ্ছে এবং উন্নয়নের মূল স্রোতধারায় নিজেদের সমৃক্ত করতে পারছে

**লক্ষ্য ও উদ্দেশ্য:**

১. ১৫-২৫ বছর বয়সি এতিম ও প্রতিবন্ধীদের বিদ্যমান চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান পূর্বক দক্ষ জনশক্তিতে রূপান্তর।

২. এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের মধ্যে যারা লেখাপড়ায় অনগ্রসর তাদেরকে অগ্রাধিকারের ভিত্তিতে কর্মমুখী প্রশিক্ষণ প্রদান।

৩. প্রশিক্ষণার্থীদের আগ্রহ ও সক্ষমতা অনুযায়ী তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক পুনর্বাসনে সহায়তা প্রদান।

৪. প্রশিক্ষণার্থী নিবাসীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করন।

৫. সাংস্কৃতিক কর্মকান্ড ও খেলাধুলার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের দৈহিক ও মানসিক উৎকর্ষ সাধনে সহায়তা করন।

৬.সাংবিধানিক অঙ্গীকার, শিশু আইন এবং জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদ অনুযায়ী এতিম ও প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীদের পরিপূর্ণ বিকাশের সুযোগ প্রদান।

৭.কর্মসংস্থানের সুযোগসৃষ্টি এবং তাদের দক্ষতা ও অভিজ্ঞতা ভিত্তিক উপার্জনমূখী কাজে পুঁজি সরবরাহের জন্য সহজ শর্তে সুদ মুক্ত ঋণ প্রদান এবং প্রয়োজনে অনুদানের মাধ্যমে পুনর্বাসনের ব্যবস্থা করণ:পুজি সংস্থানের জন্য স্থানীয় রিসোর্সকে গুরুত্ব প্রদান।


৮.এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের যুগোপযোগী বৃত্তি মূলক কারিগরি প্রশিক্ষণ প্রদান করে আত্ম নির্ভরশীল হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমাজের মেইন স্ট্রীমে (মূলস্রোতে) অন্তর্ভুক্ত করে দারিদ্র্য বিমোচন করা এবং যোগ্যতানুসারে বিদেশে কর্মসংস্থানের প্রয়োজনীয় ব্যবস্থা করণ।

**লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী:**

সমাজসেবা অধিদফতরাধীন অথবা তার বহির্ভূত চট্টগ্রাম বিভাগের সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে বসবাসরত ১৫-২৫ বছর বয়সী এতিম ও প্রতিবন্ধী এবং ক্যাচমেন্ট এরিয়ার ১৫-২৫ বছর বয়সী অনিবাসী এতিম/দুঃস্থ ও প্রতিবন্ধী ছেলেমেয়ে।

**প্রশিক্ষণ ট্রেডসমূহ:**

(ক) কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন
(খ) হাঁস মুরগী ও পশু পালন।
(গ) উড ওয়ার্কস এন্ড উড কার্ভিং
(ঘ) গার্মেন্টস টেইলারিং
(ঙ) মবিলিটি ও শারীরিক (দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য)



# ভর্তি যোগ্যতা:

১. চট্টগ্রাম বিভাগের বিভিন্ন জেলার সরকারি শিশু পরিবার/প্রতিষ্ঠানের লেখাপড়ায় অনগ্রসর নিবাসিদের মধ্য থেকে প্রতিবছর প্রশিক্ষণার্থী বাছাই পূর্বক প্রশিক্ষণ কেন্দ্রে আবাসিক নিবাসি হিসেবে মনোনয়ন দেয়া হবে। এছাড়া প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন অনিবাসী অস্বচ্ছল এতিম/দুঃস্থ ও প্রতিবন্ধী ছেলেমেয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২. প্রশিক্ষণার্থী নিবাসীর বয়সসীমা সর্বনিম্ন ১৫ বৎসর এবং সর্বোচ্চ ২৫ বৎসর হতে হবে।

৩. সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবার ও প্রতিবন্ধী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিবাসিরা অগ্রাধিকার পাবে;

৪. প্রশিক্ষণার্থী নিবাসিদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ হতে হবে। প্রয়োজন বোধে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে;

৫. ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নির্ধারিত ভর্তি ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান বরাবর আবেদন করতে হবে।

৬. প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীর অবশ্যই সমাজ সেবা কার্যালয়ের প্রতিবন্ধী নিবন্ধন থাকতে হবে। এতিমদের ক্ষেত্রে স্থানীয় জন প্রতিনিধি(নূন্যতম ইউপি চেয়ারম্যান) এতিম/দুঃস্থ হিসেবে প্রত্যয়ন করবেন।

